

গৌরীপুরে দাখিল পরীক্ষার ফরম পূরণের টাকা আত্মসাৎ
২৬ ছাত্রছাত্রী দাখিল পরীক্ষা দিতে
পারেনি ৥ সুপারের বাড়ি ঘেরাও

গৌরীপুর (ময়মনসিংহ) থেকে নিজস্ব সংবাদদাতা : গৌরীপুর উপজেলার ডৌহাখলা ইউনিয়নের হুড়াপী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা সুপারের দুর্নীতি ও অর্ধ আত্মসাতের কারণে এই মাদ্রাসার ২৬ জন ছাত্রছাত্রী বৃহস্পতিবার থেকে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি। বিকল্প ছাত্ররা মাদ্রাসা সুপারের বাড়ি ঘেরাও করে ভাঙচুর করে।

জানা গেছে, উক্ত বিত্ত মাদ্রাসার সুপার মো. নূরুল ইসলাম দাখিল পরীক্ষার ফরম পূরণের সময় ২৬ জন ছাত্রছাত্রীর কাছ থেকে প্রতিজন ১ হাজার ২শ' টাকা হারে ৩১ হাজার ২শ' টাকা গ্রহণ করে; কিন্তু ফরম পূরণের ব্যবস্থা না করে ওই টাকা আত্মসাৎ করে। পরীক্ষার আগে ছাত্রছাত্রীরা অ্যাডমিট কার্ড নিতে এসে বার্থ হয়ে ফিরে যায়। পরে বিকল্প ছাত্রছাত্রীরা মাদ্রাসা

সুপারের বাড়ি ঘেরাও করে ভাঙচুর করে। বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তা সাকুন আরা বানুকে অবহিত করা হলে তিনি জেলা প্রশাসক, ময়মনসিংহ ও মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের সঙ্গে ছাত্রছাত্রীদের পরীক্ষায় অংশগ্রহণের বিষয়ে কথা বলেন। কিন্তু সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ছাত্রছাত্রীদের পরীক্ষা গ্রহণে কোন ব্যবস্থা গ্রহণ করেননি। এই ঘটনার পর থেকে মাদ্রাসা অধ্যক্ষ মো. নূরুল ইসলাম পলাতক রয়েছে। অন্যদিকে পরীক্ষায় অংশগ্রহণ করতে না পেরে ২৬ জন ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকরা চরম হতাশাগ্রস্ত হয়ে পড়েছেন।

যে সকল ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি তারা হলো, রাফু আহমেদ, মোকাম্মেল হক, মানিক মিয়া, আবু ইউসুফ, মো. কাইয়ুম, মিজানুর রহমান, নূর মোহাম্মদ, মো. মাসুদ, মো. মাজহারুল ইসলাম, শরিফুল ইসলাম, বিলকিস আক্তার, হারুন-অর রশিদ, শহিদুল ইসলাম, আবদুল করিম, মাসুদ করিম, মিজান মিয়া, খোকন মিয়া, জিবুন্নাহার, ফারজানা আক্তার, রফিকুল ইসলাম, সিদ্দিকুর রহমান, আ. হান্নান, জামেদুল ইসলাম ও ওহরা আক্তার।